



প্রেস বিজ্ঞপ্তি

(১৩ মে ২০১৩)

১৪২০ বর্ষবরণ ও রবীন্দ্র - নজরুল জন্মজয়ন্তী উদ্‌যাপন

বাংলাদেশ হাইকমিশন বাংলা নতুন বছর ১৪২০ বরণ এবং বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ও জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী উপলক্ষ্যে ১১ মে ২০১৩, শনিবার হাইকমিশন প্রাঙ্গণে আয়োজন করে দিনব্যাপি এক মেলা এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের।

এ আয়োজনের শুরু হয় সাম্প্রতিককালে সাভারে ভবন ধবসের ঘটনায় নিহত এবং আহত গার্মেন্টস কর্মীদের প্রতি গভীর সমবেদনাস্বরূপ এক মিনিট নিরবতা পালনের মধ্য দিয়ে। এর পরপরই হাইকমিশনের অংশগ্রহণে সূচনা সঙ্গীতের মাধ্যমে সাংস্কৃতিক অনুষ্ঠানের পর্দা উন্মোচিত হয়।

অনুষ্ঠানে আগত উপস্থিত সকলের উদ্দেশ্যে ক্যানবেরা সিনিয়রস ক্লাব এবং বাংলাদেশ অস্ট্রেলিয়া এ্যাসোসিয়েশন ক্যানবেরা এর সভাপতি শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। একে একে "বাংলা স্কুল ক্যানবেরা" - এর ক্ষুদ্রে শিল্পীরা এবং ক্যানবেরা ও সিডনির শিল্পীগণ পরিবেশন করেন বর্ষবরণের গান, রবীন্দ্রসঙ্গীত, নজরুলগীতি, দেশাত্মক ও আধুনিক বাংলা গান, নাচ এবং আবৃত্তি। ফাঁকে ফাঁকে চলে রবীন্দ্র ও নজরুল বিষয়ক বিভিন্ন আলোচনা এবং বক্তাদের আলোচনায় প্রাধান্য পায় "রবীন্দ্রনাথ ও মুসলমান" এবং "নজরুলের চেতনায় অসাম্প্রদায়িকতা" সম্পর্কিত বিষয়গুলো।

সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি মেলা প্রাঙ্গণ মুখরিত ছিল প্রবাসী বাংলাদেশী, ক্যানবেরায় অবস্থিত বিভিন্ন মিশনের কূটনৈতিক প্রতিনিধি এবং আন্তর্জাতিক সংস্থার সদস্যবৃন্দগণের উপস্থিতিতে। মেলায় রকমারি বাংলাদেশী খাবার, পিঠা, মিষ্টি, মেহেদী, দেশীয় পোশাক ও অলংকারের বৈচিত্রপূর্ণ পসরা সাজিয়ে প্রবাসী বাংলাদেশী ও হাইকমিশনের অংশগ্রহণে বসেছিল মোট ১৯টি স্টল। এবারে অংশগ্রহণকারী স্টলগুলোর মধ্যে সাভার ট্রাজেডিতে ক্ষতিগ্রস্তদের সাহায্যের জন্য অর্থ উপার্জনের চেষ্টা এবং এ উদ্যোগে উপস্থিত সকলের অংশগ্রহণ ছিল লক্ষ্যণীয়। ছোট ছোট শিশুদের জন্য র‍্যাফেল ড্র এর টিকেট বিক্রি ছিল বাড়তি উৎসাহের কারণ।

অস্ট্রেলিয়ায় নিযুক্ত মার্কিন যুক্তরাষ্ট্রের মান্যবর রাষ্ট্রদূত জনাব জেফ্রি এল. ব্লাইচ এবং অস্ট্রেলিয়া ফেডারেল নির্বাচন ২০১৩ এর সিনেট প্রার্থী গ্রীণ দলের জনাব সায়মন শেখ এ অনুষ্ঠানে উপস্থিত হয়ে তাঁদের শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এবং সকলের সাথে মেলা উপভোগ করেন। সবশেষে মান্যবর হাইকমিশনার বাঙালীর জীবনে বাংলা নববর্ষের পাশাপাশি রবীন্দ্র ও নজরুলের চিন্তাধারা এবং আবেগের প্রভাব উল্লেখপূর্বক ১৪২০ বর্ষবরণ ও রবীন্দ্র-নজরুল জন্মজয়ন্তীর এই আয়োজনে অংশগ্রহণের জন্য উপস্থিত সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন।

অতঃপর র‍্যাফেল ড্র এবং পুরস্কার বিতরণের মাধ্যমে দিনব্যাপি এ আয়োজনের সমাপ্তি ঘোষণা করা হয়।